যে ব্যক্তি কোনো মুসলিম ক্রীতদাস মুক্ত করবে, আল্লাহ ঐ ক্রীতদাসের প্রতিটি অঙ্গের বিনিময়ে তার একেকটি অঙ্গকে (জাহান্নামের) আগুন থেকে মুক্ত করবেন। এমনকি তার গুপ্তাঙ্গের বিনিময়ে তার গুপ্তাঙ্গও।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেছেন, “যে ব্যক্তি কোনো মুসলিম ক্রীতদাস মুক্ত করবে, আল্লাহ ঐ ক্রীতদাসের প্রতিটি অঙ্গের বিনিময়ে তার একেকটি অঙ্গকে (জাহান্নামের) আগুন থেকে মুক্ত করবেন। এমনকি তার গুপ্তাঙ্গের বিনিময়ে তার গুপ্তাঙ্গও (মুক্ত করে
দিবেন)।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীসটিতে মুসলিম ক্রীতদাসকে মুক্ত করার ফযীলত বর্ণনা করা হয়েছে। যে ব্যক্তি কোনো ক্রীতদাস মুক্ত করবে, সে যেন তার পুরো দেহকে জাহান্নামের আগুন থেকে মুক্ত করলো। আর ক্রীতদাস অবস্থা থেকে মুক্ত করার মাধ্যমে তাদের থেকে দাসত্বের অপমান দূর করে মুসলিমদের ইয্যত সংরক্ষণ করা হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/6396